

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ই-সার্ভিস অপারেশন শাখা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ বিষয়ক সভার কার্যবিবরণী


সভাপতি	এন এম জিয়াউল আলম সিনিয়র সচিব
সভার তারিখ	২৯.০৯.২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০টা
স্থান	জুম অনলাইন প্ল্যাটফর্ম
উপস্থিতি	অনলাইনে উপস্থিতি

অনলাইন কনফারেন্সে উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য এ বিভাগের উপসচিব (উন্নয়ন শাখা)-কে অনুরোধ করা হয়। উপসচিব (উন্নয়ন শাখা) সভায় জানান যে, ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ বিষয়ক সভা আয়োজন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ত্রৈমাসিক ভিত্তিতে এ সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে অধ্যকার এ সভা আয়োজন করা হয়েছে। অতঃপর সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১।	সভায় মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। নির্দেশিকা অনুযায়ী বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার যথাযথ আছে কিনা তা যাচাই করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী যথাযথ আছে কিনা তা যাচাই করতে হবে ও প্রয়োজ্য ক্ষেত্রে নির্দেশিকা অনুসরণপূর্বক হালনাগাদ করতে হবে।	ক) দপ্তর/সংস্থা প্রধান (সকল) খ) সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

০২।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিটিজেন চার্টার সভায় উপস্থাপন করা হয় এবং বিভাগ কর্তৃক প্রদত্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং আভ্যন্তরীণ সেবা বিষয়ে সবাইকে অবহিত করা হয়। সভায় সকল শাখা কর্তৃক প্রদত্ত সেবাসমূহ সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা করা হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।	ক) সকল শাখা কর্তৃক প্রদত্ত সেবা সমূহকে নির্দেশিকা অনুসরণপূর্বক শ্রেণীবিন্যাস করে সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) দপ্তর/সংস্থা প্রধানগণ স্ব/স্ব কার্যালয় এবং আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের সিটিজেন চার্টারে প্রদত্ত সকল সেবা যথাযথভাবে শ্রেণীবিন্যাসপূর্বক অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	ক) শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল) খ) দপ্তর/সংস্থা প্রধান (সকল)
০৩।	বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টারসমূহ প্রতিনিয়ত হালনাগাদকরণ ও ওয়েবসাইটসহ অফিসভবনের দৃশ্যমান স্থানে প্রদর্শনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে ওয়েবসাইটে প্রদর্শিত সিটিজেন চার্টারের যে কোনো পরিবর্তন তাৎক্ষণিকভাবে হালনাগাদ করা সম্ভব হলেও অফিসভবনে স্থাপিত সিটিজেন চার্টার হালনাগাদ করা সময়সাপেক্ষ ব্যাপার। এ বিষয়ে সভাপতি অফিসভবনে ইলেক্ট্রনিক/ডিজিটাল বোর্ডের মাধ্যমে সিটিজেন চার্টার প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	অফিসভবনে ইলেক্ট্রনিক/ডিজিটাল বোর্ডের মাধ্যমে সিটিজেন চার্টার প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপসচিব (লেজিস্টিক শাখা)

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 এন এম জিয়াউল আলম
 সিনিয়র সচিব


স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯.২৩১

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৭

০১ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর/সংস্থার প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) যুগ্ম-সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৪) উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৫) সভাপতি, বেসিস, **BDBL Bhaban (Level 5 - West), 12 Kawran Bazar, Dhaka - 1215**
- ৬) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি, **House # 33/B (Ground floor & 2nd floor), Road # 04, Dhanmondi R/A, Dhaka-1205**
- ৭) সভাপতি, ই-ক্যাভ, বাড়ি-২৯, (এম-এ), রোড-০৬, খানমন্ডি, ঢাকা
- ৮) সভাপতি, বাক্সো, হাউজ-৯০, রোড-০৬, ব্লক-এফ বনানী, ঢাকা-১২১৩
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১০) সিনিয়র সহকারী সচিব, প্রজেক্ট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১১) সিস্টেম এনালিস্ট, ই-সার্ভিস অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১২) মেইনটেনেন্স ইঞ্জি./প্রোগ্রামার/সহ.মেইনটেনেন্স ইঞ্জি. (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ১৩) সহকারী সচিব, মূল্যায়ন ও পর্যবেক্ষণ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১৪) সহকারী সচিব, স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১৫) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও অডিট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১৬) প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)



ইসরাত জাহান
উপসচিব